Department of Consumer Affairs

Bill de Blasio
Mayor

Julie Menin
Commissioner

BENGALI

# অসুস্থতাজনিত ছুটির জন্য প্রদত্ত বেতনঃ
# কর্মচারীদের কী জানা উচিত

নিউ ইয়র্ক সিটি-এর পেইড় সিক লিভ আইন অনুযায়ী, সুরক্ষিত কর্মচারীদের অধিকার আছে নিজেদের বা পরিবারের সদস্যদের যত্ন এবং চিকিত্সার জন্য অসুস্থতাজনিত ছুটি ব্যবহার করার|

ডিপার্টমেন্ট অফ কনজ্যুমার অ্যাফেয়ার্স (ডিসিএ) এই আইনানুযায়ী কর্মচারীদের কী অধিকার আছে সেই বিষয়ে নির্দেশিকা দেবার জন্য এই শিটটি প্রস্তুত করেছে| ডিসিএ এই শিটটি প্রয়োজন অনুসারে হালনাগাদ করবে। অনুগ্রহ করে শীটটির একদম নীচে তারিখ দেখুন | আইনটি বা আইনের বিষয়ে নিয়মিতভাবে জিজ্ঞাসিত প্রশ্নাবলী পড়বার জন্য nyc.gov/PaidSickLeave যান.

## কর্মচারীগণ আইন দ্বারা সুরক্ষিত/অসুরক্ষিত

| সুরক্ষিত | অসুরক্ষিত |
|---|---|
| • পুরো সময়ের কর্মীগণ<br>• আংশিক সময়ের কর্মীগণ<br>• এক স্থান থেকে অন্য স্থানে স্থানান্তরিত কর্মসূচীর কর্মীগণ<br>• তথ্যদলিলপত্র ব্যতীত কর্মীগণ<br>• কর্মীগণ যারা পরিবারের সদস্য কিন্তু মালিক নন<br>• কর্মীগণ যারা নিউইয়র্ক শহরের বাইরে থাকেন<br><br>নিউইয়র্ক শহরে কর্মীদের প্রতি ক্যালেণ্ডার বছরে অবশ্যই 80 ঘন্টার বেশী কাজ করতে হবে\|<br><br>"গার্হস্থ্য শ্রমিক" বিভাগটি পিছনে দেখুন\| | • কর্মীগণ যারা নিউইয়র্ক শহরে প্রতি ক্যালেণ্ডার বছরে 80 ঘন্টা বা তার কম কাজ করেন<br>• ছাত্রবৃন্দ যারা কেন্দ্রীয় শ্রম-অধ্যয়ন কর্মসূচিতে যুক্ত<br>• কর্মীগণ যাদের কাজ উপযুক্ত ছাত্রবৃত্তি কর্মসূচীর দ্বারা পূরণ হয়ে থাকে<br>• সরকারী সংস্থার কর্মীগণ<br>• শারীরিক চিকিত্সাবিদ, পেশাগত চিকিত্সক, কথ্যভাষার রোগবিদ্যা, শ্রবণসংক্রান্ত বিশেষজ্ঞ যারা নিউইয়র্ক স্টেটের শিক্ষা দফতর থেকে লাইসেন্সপ্রাপ্ত<br>*এই পেশাদারগণ এই আইনের অধীনে পড়েন না, যদি ওনারা স্বেচ্ছায় কোন বরাদ্দ কাজের জন্য উপস্থিত হন; নিজেদের কর্মসূচী নিজেরা স্থির করেন; ওনাদের কাছে বরাদ্দ কোন কাজ পাঠালে ওনাদের তা গ্রহণ করা বা প্রত্যাখান করার সামর্থ্য আছে; এবং গড়পড়তা ঘন্টা পারিশ্রমিকে কাজ করেন যা অন্ততঃপক্ষে কেন্দ্রীয় ন্যূনতম বেতনের চার গুণ হতে হবে\|*<br>• স্বতন্ত্র ঠিকাদারগণ যারা কর্মী হবার শর্ত পূরণ করেন না এই অনুযায়ী নিউইয়র্ক রাজ্য নিউইয়র্ক রাজ্য (যান labor.ny.gov এবং অনুসন্ধান করেন "ইণ্ডিপেণ্ডেন্ট কন্ট্রাকটর্স\|")<br>• কাজের অভিজ্ঞতার কর্মসূচীসমূহের অংশগ্রহণকারীগণ (WEP)<br>• যৌথ দরকষাকষির চুক্তি সাপেক্ষে সুনির্দিষ্ট কর্মীগণ |

*পাদটীকা:* যদি আপনার নিয়োগকারী এমন কোন বিদ্যমান নীতি মানেন যা কর্মীদের অসুস্থতাজনিত ছুটী ছুটি দিয়ে থাকে, সেই নীতি আইনের প্রয়োজন অবশ্যই পালন করবে বা তার বেশী করবে|

## কর্মীর অধিকারের বিষয়ে বিজ্ঞপ্তি

| কর্মী | তারিখ সম্বলিত বিজ্ঞপ্তি যা কর্মীকে প্রদেয় |
|---|---|
| নতুন<br>*প্রথম কাজ শুরু করেছিলেন 1লা এপ্রিল, 2014-তে বা তার পরে* | কাজের প্রথম দিন |
| বিদ্যমান<br>*1লা এপিল, 2014-এর আগে ইতিমধ্যেই নিয়োগকারীর জন্য কাজ করছেন* | 1লা মে, 2014 |

যদি আপনি একজন সুরক্ষিত কর্মী হন, আপনার নিয়োগকারীকে অবশ্যই আপনাকে আপনার অসুস্থতাজনিত ছুটির অধিকারের বিষয়ে একটি লিখিত বিজ্ঞপ্তি দিতে হবে। ঐ অধিকারের বিজ্ঞপ্তি ইংরেজিতে দেওয়া হবে, এবং যদি ডিসিএ ওয়েবসাইটে উপলব্ধ করা যায়, তাহলে আপনার মাতৃভাষাতেও। বিজ্ঞপ্তির একটি প্রতিলিপি রাখুন.

## অসুস্থতাজনিত ছুটির পরিমাণ ( "গার্হস্থ্য শ্রমিক" বিভাগটি পিছনে দেখুন, যদি প্রযোজ্য হয়।)

| নিয়োগকর্মী দ্বারা কতজন কর্মীবৃন্দ নিয়োজিত হয়েছেন | প্রতি ক্যালেণ্ডার বছরে অসুস্থতাজনিত ছুটীর পরিমাণ* | বেতনসহ বা বেতন বিহীন | বেতনের হার |
|---|---|---|---|
| 5 বা তার বেশী | 40 ঘন্টা পর্যন্ত | বেতন দেওয়া হয়েছে | নিয়মিত ঘন্টা হারে কিন্তু প্রতি ঘন্টায় $8 -এর কমে নয় (নূন্যতম বেতন) |
| 1-4 | 40 ঘন্টা পর্যন্ত | বেতন দেওয়া হয়নি | প্রযোজ্য নয় |

*পাদটীকা: "ক্যালেণ্ডার বছর" -এর অর্থ হল যেকোন নিয়মিত এবং পরপর 12-মাসের সময়কাল যা নিয়োগকারী নির্ধারণ করবেন। কর্মীর অধিকারের বিজ্ঞপ্তিতে নিয়োগকারীর ক্যালেণ্ডার বছর অবশ্যই উল্লেখ থাকবে।

## অসুস্থতাজনিত ছুটির ক্রমঃসঞ্চয় এবং ব্যবহার - গুরুত্বপূর্ণ তারিখগুলি

( "গার্হস্থ্য শ্রমিক" বিভাগটি নীচে দেখুন, যদি প্রযোজ্য হয়।)

| ক্রমঃসঞ্চয়ের হার | ক্রমঃসঞ্চয় শুরু হবার তারিখ | অসুস্থতাজনিত তারিখ যা ব্যবহারের জন্য উপলব্ধ |
|---|---|---|
| 1 ঘন্টা প্রতি 30 ঘন্টা কাজের জন্য | 1লা এপ্রিল, 2014<br>*(বর্তমান কর্মী)* | 30শে জুলাই, 2014<br>*(বর্তমান কর্মী)* |
| | কাজের প্রথম দিন<br>*(নতুন কর্মী)* | প্রথম কাজের দিনের পরে 120 দিনগুলি<br>*(নতুন কর্মী)* |

*ব্যতিক্রম:* যদি আপনি কোন যৌথ দরকষাকষি চুক্তির দ্বারা সুরক্ষিত হন, যা প্রকৃতপক্ষে 1লা এপ্রিল, 2014-এ শুরু হয়, আপনি শহরের আইন অনুযায়ী অসুস্থতাজনিত ছুটি ক্রমঃসঞ্চয় করতে শুরু করছেন ঐ দিন থেকে যেদিন ঐ চুক্তি শেষ হয়ে যাচ্ছে।

সমস্ত দলিলের একটি করে প্রতিলিপি রাখুন যা আপনার অসুস্থতাজনিত ছুটির পরিমাণ এবং আপনার অসুস্থতাজনিত ছুটির ক্রমঃসঞ্চয় এবং ব্যবহার দেখায়।

## অসুস্থতাজনিত ছুটি নেবার গ্রহণযোগ্য কারণসমূহ

আপনি কখন অসুস্থতাজনিত ছুটি নিতে পারেন:

- আপনার কোন মানসিক বা শারীরিক অসুখ, আঘাত, বা স্বাস্থ্য অবস্থা থাকলে; আপনার চিকিত্সার রোগলক্ষণ শনাক্তকরণ, যত্ন, অথবা আপনার মানসিক বা শারীরিক অসুস্থতা, আঘাত বা স্বাস্থ্য অবস্থার চিকিত্সার প্রয়োজন আছে; আপনার নিবারণমূলক চিকিত্সা পাবার প্রয়োজন আছে।
- আপনার অবশ্যই পরিবারের সদস্যের বিষয়ে যত্নশীল হতে হবে যার কোন চিকিত্সার রোগলক্ষণ শনাক্তকরণ, যত্ন, অথবা মানসিক বা শারীরিক অসুস্থতা, আঘাত বা স্বাস্থ্য অবস্থার চিকিত্সার প্রয়োজন আছে অথবা যার নিবারণমূলক চিকিত্সা পাবার প্রয়োজন আছে।
- আপনার নিয়োগকারীর ব্যবসা বন্ধ আছে কোন সর্বজনীন স্বাস্থ্য জরুরী কারণে বা কোন শিশুর যত্নের প্রয়োজন যার স্কুল বা শিশুযত্ন প্রদানকারক বন্ধ আছে কোন সর্বজনীন স্বাস্থ্য জরুরী কারণের জন্য।

আইন নিম্নলিখিত ব্যক্তিদের পরিবারের সদস্য হিসাবে স্বীকৃতি দেয়ঃ শিশু; নাতি; স্বামী বা স্ত্রী; গার্হস্থ্য সঙ্গী বা সঙ্গিনী; পিতা-মাতা; দাদু-দিদিমা; কোন কর্মীর স্বামী বা স্ত্রী বা গার্হস্থ্য সঙ্গী বা সঙ্গিনীর শিশু বা পিতা-মাতা; ভাইবোন (কোন অর্ধ, দত্তক, বা বিমাতা-পিতার সন্তানসহ)।

## আগাম বিজ্ঞপ্তি

যদি প্রয়োজন আগাম আঁচ করা যায়, আপনাকে সাত দিন পর্যন্ত আগে থেকে আপনার নিয়োগকারীকে অসুস্থতাজনিত ছুটি নেবার মনোভাবের জন্য আগাম বিজ্ঞপ্তি দেবার প্রয়োজন হবে। যদি প্রয়োজন আগাম আঁচ না করা যায়, আপনাকে আপনার নিয়োগকারীকে যত তাড়াতাড়ি সম্ভব (যুক্তিগ্রাহ্য) বিজ্ঞপ্তি দেওয়ার প্রয়োজন হবে। আপনার নিয়োগকারী আপনার থেকে লিখিত প্রমাণ চাইতে পারেন যে আপনি অসুস্থতাজনিত ছুটি অসুস্থতাজনিত ছুটির কারণেই নিয়েছেন কি না।

## তথ্যদলিল

যদি আপনি পরপর তিন দিনের বেশী অসুস্থতাজনিত ছুটি নিয়ে থাকেন, আপনার নিয়োগকারী কোন লাইসেন্সপ্রাপ্ত স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছ থেকে এই বিষয়ে তথ্যদলিল চাইতে পারে। বেতনসহ অসুস্থতা ছুটি আইন নিয়োগকারীদের স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছ থেকে অসুস্থতাজনিত ছুটির কারণ নির্দিষ্ট করে উল্লেখ করতে নিষেধ করে। অন্যান্য আইনের জন্য প্রকাশ করতে হতে পারে।

## অব্যবহৃত অসুস্থতাজনিত ছুটি

আপনি 40 ঘন্টা পর্যন্ত অব্যবহৃত অসুস্থতাজনিত ছুটি পরের ক্যালেণ্ডার বছরে নিয়ে যেতে পারেন। তবে আপনার নিয়োগকারী প্রতি ক্যালেণ্ডার বছরে আপনাকে শুধুমাত্র 40 ঘন্টা পর্যন্ত অসুস্থতাজনিত ছুটি নেবার অনুমতি দিতে পারেন।

## প্রত্যাঘাত

আপনার নিয়োগকারী অসুস্থতাজনিত ছুটি নেবার অনুরোধ জানাবার জন্য বা নেবার জন্য আপনার সঙ্গে কোন দুর্ব্যবহার করতে পারবেন না। আইন দ্বারা স্বীকৃত আপনার কোন অধিকার প্রয়োগ করা বা প্রয়োগ করার চেষ্টার ফলস্বরূপ দুর্ব্যবহারের অর্ন্তগত হল ভীতি প্রদর্শন, অনুশাসন, বরখাস্ত করা, পদের অবনতি, সাময়িক বরখাস্ত, অথবা কাজের ঘন্টার হ্রাস, অথবা আপনার বিরুদ্ধে অন্য যেকোন বিরূপ ক্রিয়া গ্রহণ করা।

## অভিযোগসমূহ

আপনি ডিসিএ-র কাছে অভিযোগ জানাতে পারেন। অভিযোগের ফর্ম পেতে গেলে, অনলাইনে যান nyc.gov/PaidSickLeave অথবা **311** যোগাযোগ করুন (212-NEW-YORK বাইরের জন্য NYC)।

ডিসিএ তদন্ত করবেন এবং আপনার নিয়োগকারীর সাথে আপনার অভিযোগের বিষয়ে সালিশী করবেন। ডিসিএ আপনার পরিচয় গোপন রাখবেন যতক্ষণ না পর্যন্ত তা প্রকাশ করা তদন্তের জন্য, অভিযোগের সালিশী করতে বা আইনানুযায়ী প্রয়োজনীয় হচ্ছে।

### গার্হস্থ্য শ্রমিক

*নীচে শহরের আইন অনুযায়ী অসুস্থতাজনিত ছুটির পরিমাণ এবং অসুস্থতাজনিত ছুটীর ক্রমঃসঞ্চয় এবং গার্হস্থ্য শ্রমিকদের জন্য নির্দিষ্ট প্রয়োগ। নিউইয়র্ক স্টেট লেবর ল্য অনুযায়ী এই ছুটী আপনার বেতনসহ তিন দিনের ছুটি যা আপনি পেয়ে থাকেন তার অতিরিক্ত। **labor.ny.gov** -তে যান এবং "গার্হস্থ্য শ্রমিকদের অধিকার বিলসমূহ" অনুসন্ধান করুন। এই শিটে অন্যান্য তথ্য আপনার জন্য প্রযোজ্য।*

| অসুস্থতাজনিত ছুটির পরিমাণ<br>প্রতি ক্যালেণ্ডার বছরে | বেতনসহ বা বেতনবিহীন | বেতনের হার |
|---|---|---|
| 2 দিন | বেতন দেওয়া হয়েছে | নিয়মিত প্রতি ঘন্টা হারে কিন্তু প্রতি ঘন্টায় $8-এর কমে নয় (বর্তমানে নূন্যতম বেতন)<br>**labor.ny.gov** যান এবং "নূন্যতম বেতন" খোঁজ করুন। |

| ক্রমঃসঞ্চয়ের হার | ক্রমঃসঞ্চয় শুরু হবার তারিখ | অসুস্থতাজনিত তারিখ যা ব্যবহারের জন্য উপলব্ধ |
|---|---|---|
| 1 বছর পরে 2 দিন কর্মরত | ডিসিএ nyc.gov/PaidSickLeave-এ পথনির্দেশ দেবে | ডিসিএ nyc.gov/PaidSickLeave-এ পথনির্দেশ দেবে |

কোন প্রশ্ন? ডিসিএ-তে যোগাযোগ করতে, **nyc.gov/PaidSickLeave** দেখুন, ইমেইল PaidSickLeave@dca.nyc.gov, অথবা **311** কল করুন এবং অসুস্থতাজনিত ছুটির বিষয়ে তথ্য জানতে চান।